গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে গনতন্ত্র অলিম্পিয়াড অনুষ্ঠিত

সচেতন, সংগঠিত ও সোচ্চার নাগরিকই গণতন্ত্রের রক্ষাকবচ’ স্লোগানকে সামনে রেখে দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় ও স্থানীয় নাগরিক কমিটির আয়োজনে গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে গনতন্ত্র অলিম্পিয়াড ২০২৩। মঙ্গলবার (২৬ ডিসেম্বর) দিনব্যাপী জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় অডিটোরিয়ামে এই অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়।

স্থানীয় নাগরিক কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হকের সভাপতিত্বে ও কমিটির সাধারণ সম্পাদক সাংবাদিক প্রভাষক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অলিম্পিয়াডে অংশগ্রহণ করেন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৩০০ জন শিক্ষার্থী।

তাদের মধ্যে সেরা দশজনকে আকর্ষণীয় পুরষ্কার ও সকল অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদান করা হয়। অনুষ্ঠান শুরুতে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা সংগীত, নৃত্য ও বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিবেশন করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের বিশেষ অতিথি জাতীয় কন্যা শিশু এডভোকেসী ফোরামের জেলা সভাপতি সিরাজুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মহিবুর রহমান মিন্টু, করমদি ডিগ্রি কলেজের প্রভাষক আবু সায়েম পল্টু, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলি কানন, দি হাঙ্গার প্রজেক্টের যশোর এলাকা সমন্বয়কারী, গিয়াসউদ্দিন, গাংনী এলাকা সমন্বয়কারী হেলালউদ্দীন,ইয়ুথ এন্ডিং হাঙ্গার প্রজেক্টের যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ফিরোজ আহমেদ পলাশ,ও সাবেক সমন্বয়কারী রাকিবুক ইসলাম রকি, সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

এছাড়াও উপস্থিত ছিলেন প্রিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) নাগরিক

প্রকল্পের সদস্যরা ও দি হাঙ্গার প্রজেক্টের সহযোগী সংগঠন ইয়ুথ এন্ডিং হাঙ্গারের অর্ধশতাধিক ইয়ুথ লিডার। অনুষ্ঠানে সুচনা হয়েছিল জাতীয় সংগীতের মাধ্যমে। পরবর্তীতে গনতন্ত্র অলিম্পিয়াড এ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সবশেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার, লোগো সম্বলিত গেন্জি ও সার্টিফিকেট বিতরণ করা হয়। সকল শিক্ষার্থীদের নিয়ে মুক্তিযুদ্ধের চেতনায় স্মাট বাংলাদেশ গঠনে যোগ্য, দক্ষ ও যুগোপযোগী নাগরিক হিসেবে গড়ে তুলতে শপথ বাক্য পাঠ করানো হয়। শপথ বাক্য পাঠ পর্ব পরিচালনা করেন প্রভাষক আবু সায়েম পল্টু।

প্রধান অতিথির বক্তব্যে প্রীতম সাহা বলেন, বিজয়ের এই মাসে ও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কে সামনে রেখে এ আয়োজনের জন্য এবং নুতন ভোটারকে সচেতন করা সহ বিভিন্ন নাগরিক দায়িত্ব পালন করায় তিনি এ আয়োজনের সাথে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

তিনি সরকারের বিভিন্ন উন্নয়ন কাজ ও আগামী সংসদ নির্বাচনে সবার অংশগ্রহণ ও স্বতঃস্ফূর্ত এবং উৎসবমুখর পরিবেশে করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি মুক্তিযুদ্ধের বিভিন্ন প্রেক্ষাপট তুলে ধরেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় চার নেতা সহ সকল মুক্তিযোদ্ধাদের ত্যাগ ও অবদানের কথা উল্লেখ করেন। নুতন প্রজন্ম ও নুতন ভোটারদের জন্য এ আয়োজন গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে বলে তিনি উল্লেখ করেন।